গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................ ৩

প্রস্তাবনা ........................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........................................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........................................ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........................................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................ ২৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........................................ ২৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........................................ ৩৬

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচক্ষণ ও দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশ দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক কূটনীতিতে স্বীয় অবস্থানকে সুসংহত করে সারা বিশ্বে 'উন্নয়নের রোল মডেল' হিসেবে স্বীকৃত। বাংলাদেশ রচনা করেছে একের পর এক সাফল্যগাথা, অর্জন করেছে অসংখ্য আন্তর্জাতিক পুরস্কার ও সম্মানজনক স্বীকৃতি। এরই ধারাবাহিকতায় বাংলাদেশের জন্য একটি সমন্বিত, কার্যকর ও গতিশীল পররাষ্ট্র নীতি পরিচালনা এবং সরকারের গৃহীত রূপকল্পের আলোকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উত্তরণের লক্ষ্যে বহির্বিশ্বে বাংলাদেশের কূটনৈতিক উপস্থিতি ফলপ্রসূ, অর্থবহ ও অধিকতর উজ্জ্বল করতে পররাষ্ট্র মন্ত্রণালয় তার নিরলস প্রচেষ্টা অব্যাহত রেখেছে। ২০১৮ সালের মার্চ মাসে জাতিসংঘ কর্তৃক স্বল্পোন্নত দেশের পর্যায় হতে বাংলাদেশের উত্তরণের স্বীকৃতি অর্জনের ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। রোহিঙ্গা সংকট সমাধানে বিশ্বব্যাপী জনমত গঠন, কূটনৈতিক যোগাযোগ অব্যাহত রাখা, মায়ানমারের সাথে দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর ও প্রত্যাবাসন প্রক্রিয়া বাস্তবায়নে পররাষ্ট্র মন্ত্রণালয়ের ভূমিকা দেশে ও বিদেশে প্রশংসিত হয়েছে। ২০১৮ সালের মে মাসে ৫৭টি দেশের পররাষ্ট্র মন্ত্রীদের অংশগ্রহণে OIC-CFM-এর ৪৫তম সম্মেলন এবং ২০১৬ সালের ডিসেম্বরে ১২৫টি দেশের অংশগ্রহণে GFMD-এর ৯ম শীর্ষ সম্মেলন ঢাকায় অনুষ্ঠিত হয়, যা বাংলাদেশের নেতৃত্বের প্রতি বিশ্ব সম্প্রদায়ের গভীর আস্থার প্রতীক। ভারতের সাথে স্থলসীমা নির্ধারণ, ছিটমহল বিনিময় ও ২০১৭ সালে মাননীয় প্রধানমন্ত্রীর ভারত সফরকালে স্বাক্ষরিত ৩৫টি চুক্তি ও সমঝোতা স্মারক ভারতের সাথে বাংলাদেশের সুসম্পর্ককে আরও সুসংহত করেছে। অন্যদিকে, বহুপাক্ষিক কূটনৈতিক তৎপরতায় জাতিসংঘের শান্তিরক্ষী মিশনে সদস্য প্রেরণ, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং অভিবাসন বিষয়ে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় সফলতার সাথে অংশ নিয়ে বিশ্বশান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশ লক্ষণীয় ভূমিকা পালন করেছে। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে সরকারের উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধিদল ২০১৮ সালের আগস্ট মাসে নেপালে অনুষ্ঠিত ৪র্থ বিমসটেক শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করে। এ সম্মেলনে বিমসটেক-ভুক্ত দেশসমূহের জন্য এনার্জি নিরাপত্তা নিশ্চিতকল্পে BIMSTEC গ্রীড ইন্টারকানেকশান ,শান্তি, সমৃদ্ধি ও টেকসই উন্নয়নের লক্ষ্যে যৌথ ঘোষণা স্বাক্ষরিত হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

পররাষ্ট্র মন্ত্রণালয়ের সদর দপ্তর ও বিদেশস্থ মিশনসমূহের বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে অপ্রতুল জনবল এবং লজিস্টিকস সংক্রান্ত নানাবিধ সীমাবদ্ধতা এ মন্ত্রণালয়ের অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসসমূহ দ্বিপাক্ষিক সম্পর্ক স্থাপন ও সুসংহতকরণ এবং আঞ্চলিক, উপ-আঞ্চলিক, বহুপাক্ষিক ও আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের প্রতিনিধিত্বকরণ ও স্বার্থ সংরক্ষণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় দিক-নির্দেশনায় সদর দপ্তর ও বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসসমূহের জনবল বৃদ্ধি ও সুষমীকরণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় কাজ করছে এবং ভবিষ্যতে এ ধারা অব্যাহত থাকবে। কূটনৈতিক ও রাজনৈতিক গুরুত্ব বিবেচনায় লাতিন আমেরিকা, মধ্য এশিয়া এবং আফ্রিকান দেশসমূহ বাংলাদেশের জন্য বিশেষ তাৎপর্য বহন করে। বাংলাদেশের পণ্য ও শ্রম বাজারের জন্য বিশাল সম্ভাবনার ঐ সকল অঞ্চলে বাংলাদেশকে প্রতিনিধিত্ব করার জন্য প্রয়োজনীয় সংখ্যক মিশন স্থাপনের মাধ্যমে পররাষ্ট্র মন্ত্রণালয় যথাযথ উদ্যোগ গ্রহণ করবে। প্রবাসী বাংলাদেশীদের আরো দক্ষতা ও দ্রুততার সঙ্গে বিভিন্ন কন্স্যুলার সেবা প্রদান করার ক্ষেত্রে বিদ্যমান সকল প্রতিবন্ধকতা দূর করতে মন্ত্রণালয় কাজ করে যাবে।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- লাতিন আমেরিকা, মধ্য এশিয়া এবং আফ্রিকার গুরুত্বপূর্ণ দেশসমূহে বাংলাদেশের পণ্য ও শ্রমবাজার সম্প্রসারণ;
- ভারতের চেন্নাই-তে উপ-হাইকমিশন এবং রোমানিয়াতে দূতাবাস স্থাপন;
- বিদেশস্থ বাংলাদেশ সকল মিশনসমূহে মেশিন রিডেবল ভিসা (এমআরভি) প্রদান কার্যক্রম সম্প্রসারণ ও প্রবাসী বাংলাদেশীদের পাসপোর্ট প্রদানের সময়সীমা ২৫ দিন থেকে ২২ দিনে হ্রাস করা; এবং
- পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার সেবাসহ সকল ধরনের সেবা সহজীকরণ, ডিজিটালাইজেশন করা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৯ সালের জুলাই মাসের ১৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

উন্নয়নশীল দেশে উত্তরণ পরবর্তী আন্তর্জাতিক প্রেক্ষাপটে সকল রাষ্ট্রের সাথে বাংলাদেশের সম্পর্ক জোরদার ও বহি:বিশ্বে বাংলাদেশকে একটি আত্মবিশ্বাসী এবং দায়িত্বশীল রাষ্ট্র হিসেবে তুলে ধরা ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

একটি দক্ষ ও আধুনিক কূটনৈতিক সার্ভিস গড়ে তোলা এবং কার্যকর কূটনৈতিক প্রয়াসের মাধ্যমে বিবর্তনশীল আন্তর্জাতিক প্রেক্ষাপটে বাংলাদেশের জাতীয় স্বার্থ সংরক্ষণ এবং দেশের ভাবমূর্তি সমুন্নতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দ্বিপাক্ষিক সম্পর্ক স্থাপন ও সুসংহতকরণ

২. আঞ্চলিক, উপ-আঞ্চলিক, বহুপাক্ষিক ও আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের প্রতিনিধিত্বকরণ ও স্বার্থ সংরক্ষণ

৩. কনস্যুলার সেবা প্রদান সহজীকরণ

৪. বাংলাদেশের ভাবমূর্তি তুলে ধরতে শক্তিশালী বহিঃপ্রচার কার্যক্রম এবং সার্বিক জনকূটনীতি পরিচালন

৫. বাংলাদেশের সমুদ্রসীমায় বিদ্যমান সম্পদ ও জীববৈচিত্র্যের টেকসই ব্যবহার এবং সংরক্ষণ

৬. বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রত্যাবাসনে নিরবিচ্ছন্ন কূটনৈতিক উদ্যোগ অব্যাহত রাখা

৭. টেকসই উন্নয়ন অভীষ্ট, জলবায়ু পরিবর্তন, অভিবাসনসহ বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় বাংলাদেশের সক্রিয়, নেতৃত্বশীল ও সফল অংশগ্রহণ এবং বাংলাদেশের আন্তর্জাতিক অংশীদারিত্ব বৃদ্ধিকরণ

৮. বাংলাদেশের পণ্য রপ্তানি ও শ্রমবাজার সম্প্রসারণে সহায়তা এবং বাংলাদেশে বিনিয়োগে আকৃষ্টকরণ

৯. অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক আলোচনায় অংশগ্রহণ ও বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

২. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সকল রাষ্ট্র, বিশেষত প্রতিবেশী রাষ্ট্রসমূহের সঙ্গে দ্বিপাক্ষিক স্বার্থ-সংশ্লিষ্ট রাজনৈতিক এবং কূটনৈতিক সম্পর্ক সংরক্ষণ ও উন্নয়ন;

২. জাতিসংঘসহ আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থাসমূহে এবং অন্যান্য রাষ্ট্রের সাথে সমন্বয়ের লক্ষ্যে নিয়মিত যোগাযোগ এবং আলোচনায় ও সংলাপে অংশগ্রহণ এর পাশাপাশি চুক্তি এবং সমঝোতা স্মারক সম্পাদন

৩. আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ এবং বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক কাঠামোর অংশ হিসেবে চলমান বিশ্বশান্তি, নিরাপত্তা এবং টেকসই উন্নয়ন বিষয়ে সক্রিয় এবং নেতৃত্বশীল ভূমিকা পালন;

৪. কূটনৈতিক এবং কনস্যুলার প্রতিনিধিত্বের মাধ্যমে প্রবাসীগণকে বিভিন্ন কনস্যুলার ও কল্যাণমূলক সেবা প্রদান;

৫. বিদেশস্থ মিশনসমূহের পরিচালনা এবং ব্যবস্থাপনা;

৬. মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর সকল বিদেশ সফর আয়োজন, বিদেশী রাষ্ট্র এবং সরকার প্রধানগণের বাংলাদেশ সফর আয়োজন এবং এতদসংক্রান্ত রাষ্ট্রাচার এবং ব্যবস্থাপনা নিশ্চিতকরণ;

৭. বাংলাদেশের পণ্য রপ্তানি ও শ্রমবাজার সম্প্রসারণে কার্যক্রম গ্রহণ এবং বাংলাদেশে বিনিয়োগে উদ্বুদ্ধ করা

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২০-২১ | ২০২১-২০২২ | | |
| বিশ্বপরিমন্ডলে অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক ও প্রগতিশীল রাষ্ট্র হিসেবে বাংলাদেশের অবস্থান লাভ | দেশে ও বিদেশে নতুন মিশন স্থাপন | সংখ্যা | ০২ | ০২ | ০২ | ০২ | ০২ | পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ |
| | রাষ্ট্রদূত/হাইকমিশনারগণের পরিচয়পত্র পেশ এবং অনারারী কনসাল নিয়োগ সংক্রান্ত কার্যাবলী | সংখ্যা | | | ৩০ | ৩১ | ৩২ | রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহ |
| বাংলাদেশের পণ্য রপ্তানি ও বাংলাদেশে বিনিয়োগ বৃদ্ধি | প্রতিবছর আয়োজিত বাণিজ্য মেলা | সংখ্যা | ০৭ | ০৯ | ১৫ | ১৬ | ১৬ | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহ |
| বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীতকরণ | অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ | সংখ্যা | ১১ | ০৭ | ০৭ | ০৮ | ০৮ | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহ |
| কনস্যুলার সেবা সহজীকরণ | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে কনস্যুলার পরিসেবা প্রদানে গৃহীত সময় | দিন | ০২ | ০২ | ০২ | ০২ | ০১ | পররাষ্ট্র মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ |
| শক্তিশালী বহিঃপ্রচার কার্যক্রম এবং সার্বিক জনকূটনীতি পরিচালন | বিদেশি সাংবাদিকদের জন্য 'ভিজিট বাংলাদেশ কর্মসূচি' আয়োজন করা | সংখ্যা | ২৭ | ৯২ | ৩০ | ৩৫ | ৪০ | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহ |
| বাংলাদেশের সমুদ্রসীমায় বিদ্যমান সম্পদ ও জীববৈচিত্র্যের টেকসই ব্যবহার এবং সংরক্ষণ নিশ্চিতকরণ | ব্লু ইকোনমি সেক্টরসমূহের উন্নয়ন নিশ্চিতকরণের স্বার্থে প্রয়োজনীয় কনফারেন্স, সভা, সেমিনার, কর্মশালা, প্রশিক্ষন কর্মসূচি আয়োজন/ কর্মসূচিতে অংশগ্রহণ। | সংখ্যা | ০১ | ০১ | ০৩ | ০৩ | ০৩ | প্রতিরক্ষা মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়,মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহ |
| টেকসই উন্নয়ন অভীষ্ট, জলবায়ু পরিবর্তন, অভিবাসনসহ বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় বাংলাদেশের সক্রিয় অংশগ্রহণ এবং বাংলাদেশের আন্তর্জাতিক অংশীদারিত্ব বৃদ্ধি | সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা, সেমিনার ও কর্মশালায় অংশগ্রহণ | সংখ্যা | ১২ | ০৯ | ০১ | ০২ | ০৩ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও মিশন |
| | টেকসই উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন আন্তর্জাতিক সভা/সেমিনারে সক্রিয় অংশগ্রহণ/প্রশিক্ষণ | সংখ্যা | ০৪ | ০৫ | ০৪ | ০৪ | ০৪ | পররাষ্ট্র মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহ |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] দ্বিপাক্ষিক সম্পর্ক স্থাপন ও সুসংহতকরণ | ২৬ | [১.১] মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বিদেশ সফর এবং বিদেশী সরকার ও রাষ্ট্রপ্রধানের বাংলাদেশ সফরের আয়োজন | [১.১.১] আয়োজিত সফর | সমষ্টি | সংখ্যা | ৫ | ২১ | ১৭ | ১৭ | ১৪ | ১৩ | ১০ | ০৯ | ১৮ | ১৯ |
| | | [১.২] দেশে ও বিদেশে মন্ত্রী পর্যায়ের বৈঠক আয়োজন ও অংশগ্রহণ | [১.২.১] আয়োজিত বৈঠক | সমষ্টি | সংখ্যা | ৫ | ৯৩ | ৪০ | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১৮ | ৪০ | ৪০ |
| | | [১.৩] দ্বিপাক্ষিক চুক্তি/সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৩.১] চুক্তি/সমঝোতা স্মারকের খসড়া প্রণয়ন, আলোচনা, স্বাক্ষর ও বাস্তবায়ন | সমষ্টি | সংখ্যা | ১ | ৬১ | ২২ | ৩৫ | ৩০ | ২৯ | ২৮ | ২৭ | ৪০ | ৪২ |
| | | [১.৪]কূটনৈতিকসম্পর্ক সুসংহতকরণ | [১.৪.১] রাষ্ট্রদূত/হাইকমিশনারগণের পরিচয়পত্র পেশের ব্যবস্থা, অনারারী কনসাল নিয়োগ সংক্রান্ত কার্যাবলী | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ৩০ | ২৮ | ২৫ | ২০ | ১৮ | ৩১ | ৩২ |
| | | | [১.৪.২] দেশে ও বিদেশে নতুন মিশন স্থাপনের জন্য প্রস্তাব প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ১ | ০২ | ০২ | ০২ | ০১ | | | | ০৩ | ০৩ |
| | | [১.৫] ফরেন অফিস কন্সালটেশন (FOC)/ সচিব পর্যায়ের বৈঠক আয়োজন ও অংশগ্রহণ | [১.৫.১] আয়োজিত বৈঠক | সমষ্টি | সংখ্যা | ৩ | ১০ | ১০ | ০৮ | ০৭ | ০৬ | ০৫ | ০৪ | ১০ | ১১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | [১.৬] মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রী ও সচিব পর্যায়ের সাথে বিদেশী প্রতিনিধিদলের সাক্ষাত এর আয়োজন ও বাচ্যাবলী প্রস্তুত করা | [১.৬.১] আয়োজিত সাক্ষাত/ সৌজন্য সাক্ষাত | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ৫০ | ৪৫ | ৪৩ | ৪১ | ৪০ | ৫৫ | ৬০ |
| | | [১.৭] বিভিন্ন দেশে জাতীয় দিবস ও অন্যান্য গুরুত্বপূর্ণ প্রেক্ষাপটে বার্তা প্রেরণ | [১.৭.১] প্রেরণকৃত বার্তা | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১৪৩ | ১৪০ | ১৩৮ | ১৩৫ | ১৩০ | ১৪৪ | ১৪৫ |
| | | [১.৮] বাংলাদেশে/বিদেশে সেমিনার, কনফারেন্স, প্রশিক্ষণ এ অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, সংস্থার সাথে সমন্বয় সাধন | [১.৮.১] আয়োজিত সিম্পোজিয়াম,সেমিনার,কনফারেন্স, প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ২ | | | ২৫ | ২২ | ২০ | ১৮ | ১৬ | ২৬ | ২৮ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [২] আঞ্চলিক, উপ-আঞ্চলিক, বহুপাক্ষিক ও আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের প্রতিনিধিত্বকরণ ও স্বার্থ সংরক্ষণ | ১৭ | [২.১] বিদেশে বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার এ অংশগ্রহণ | [২.১.১] অংশগ্রহণকৃত কনফারেন্স/সেমিনার | সমষ্টি | সংখ্যা | ২ | ৫৭ | ৬০ | ৬০ | ৫৫ | ৫৪ | ৫৩ | ৫২ | ৬৫ | ৬৬ |
| | | [২.২] জাতিসংঘ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার নির্বাচনে অংশগ্রহণ | [২.২.১] অংশগ্রহণকৃত নির্বাচন | সমষ্টি | সংখ্যা | ১ | ০৮ | ০৫ | ০১ | | | | | ০১ | ০১ |
| | | [২.৩] ঢাকায় বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার আয়োজন | [২.৩.১] আয়োজিত কনফারেন্স/সেমিনার | সমষ্টি | সংখ্যা | ২ | ০৮ | ০৮ | ০৮ | ০৭ | ০৬ | ০৫ | ০৪ | ১০ | ১১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | [২.৪] আঞ্চলিক সভা/সেমিনারে অংশগ্রহণ এবং বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থার সাথে সমন্বয় সাধন | [২.৪.১] অংশগ্রহণকৃত আঞ্চলিক সভা/সেমিনার | সমষ্টি | সংখ্যা | ১ | ৬৬ | ৫০ | ৫০ | ৪৫ | ৪৪ | ৪৩ | ৪২ | ৫৫ | ৫৬ |
| | | [২.৫] ঢাকায় আঞ্চলিক সভা/ সেমিনার আয়োজন | [২.৫.১] আয়োজিত সভা/ সেমিনার | সমষ্টি | সংখ্যা | ১ | ১৪ | ০৮ | ০৯ | ০৭ | ০৬ | ০৫ | ০৪ | ১০ | ১১ |
| | | [২.৬] জাতিসংঘের কাউন্সিল ও বিভিন্ন কমিটিতে বাংলাদেশের প্রতিবেদন দাখিল, বিভিন্ন জিজ্ঞাসার জবাব প্রস্তুতকরণ | [২.৬.১] অংশগ্রহণকৃত সভা/সেমিনার | সমষ্টি | সংখ্যা | ১ | ০৬ | ০৩ | ০৩ | ০২ | ০১ | | | ০৩ | ০৪ |
| | | [২.৭] জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের বিভিন্ন সভা সেমিনারে অংশগ্রহণ | [২.৭.১] অংশগ্রহণকৃত সভা/ফোরাম | সমষ্টি | সংখ্যা | ১ | ০১ | ০৬ | ০৬ | ০৪ | ০৩ | ০২ | ০১ | ০৬ | ০৭ |
| | | [২.৮] আঞ্চলিক/বহপাক্ষিক চুক্তি/সমঝোতা স্মারক | [২.৮.১] আঞ্চলিক/বহপাক্ষিক চুক্তি/সমঝোতা স্মারক (খসড়া বিনিময়, আলোচনা স্বাক্ষর/অনুসমর্থন কার্যকর ও বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা) | সমষ্টি | সংখ্যা | ১ | | | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০১ | ০৫ | ০৬ |
| | | [২.৯] আঞ্চলিক / বহপাক্ষিক বিভিন্ন ফোরামে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রীর সফর ও মন্ত্রী পর্যায়ের,বিশিষ্ট ব্যক্তিবর্গের,সংস্থার প্রতিনিধির সফর | [২.৯.১] আয়োজিত সফর | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ০৮ | ০৭ | ০৬ | ০৫ | ০৪ | ০৯ | ০৯ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | [২.১০] বহপাক্ষিক ও আঞ্চলিক ইস্যুতে বাংলাদেশের পজিশন পেপার/ ব্রিফ/ ইনটারভেনশন/বাচ্যাবলী/ বক্তৃতা/শুভেচ্ছা বার্তা প্রস্তুতকরণ | [২.১০.১] অনুষ্ঠিত সভা/সেমিনারে প্রেরিত পজিশন পেপার/ব্রিফ/ ইনটারভেনশন/বাচ্যাবলী/ বক্তৃতা | সমষ্টি | সংখ্যা | ২ | | | ২০ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ২১ | ২২ |
| | | [২.১১] আঞ্চলিক/আন্তর্জাতিক বিভিন্ন সংস্থায় চাঁদা প্রদান | [২.১১.১] সংস্থায় চাঁদা প্রদান | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১৫ | ১২ | ১১ | ১০ | ০৯ | ১৬ | ১৭ |
| | | [২.১২] সন্ত্রাসবাদ ও সহিংস জঙ্গিবাদ দমনে সরকারের অবস্থান বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক ফোরামে তুলে ধরার লক্ষ্যে সভা/ সেমিনারে অংশগ্রহণ | [২.১২.১] সেমিনার/সভায় অংশগ্রহণ | সমষ্টি | সংখ্যা | ১ | ৬ | ৬ | ৪ | ৩ | ২ | ১ | | ০৫ | ০৬ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [৩] কনস্যুলার সেবা প্রদান সহজীকরণ | ১০ | [৩.১] বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে মেশিন রিডেবল পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্প্রসারণ | [৩.১.১] কার্যক্রম চালুকৃত মিশন [ক্রম পুঞ্জিভূত সংখ্যা] | সমষ্টি | সংখ্যা | ২ | ৬৭ | ৭০ | ৭২ | ৭১ | | | | ৭৩ | ৭৫ |
| | | [৩.২] বিদেশস্থ বাংলাদেশ মিশনে মেশিন রিডেবল ভিসা প্রদান কার্যক্রম সম্প্রসারণ | [৩.২.১] কার্যক্রম চালুকৃত মিশন [ক্রম পুঞ্জিভূত সংখ্যা] | সমষ্টি | সংখ্যা | ২ | ৬৫ | ৭০ | ৭২ | ৭১ | | | | ৭৩ | ৭৫ |
| | | [৩.৩] প্রবাসী বৈধ বাংলাদেশী আবেদনকারীদের পাসপোর্ট প্রদান | [৩.৩.১] আবেদন অনুযায়ী প্রদত্ত মেশিন রিডেবল পাসপোর্ট এর হার | ক্রমপুঞ্জিভূত | শতকরা | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৮ | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | [৩.৪] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে এবং ঢাকাস্থ পররাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রবাসী বাংলাদেশীদেরকে কন্স্যুলার সেবা প্রদান দ্রুততরকরণ | [৩.৪.১] মেশিন রিডেবল পাসপোর্ট প্রদানকাল | সমষ্টি | দিন | ২ | ২৫ | ২৩ | ২২ | ২১ | ২০ | ১৯ | ১৮ | ২২ | ২১ |
| | | [৩.৫] দাখিলকৃত আবেদন অনুয়ায়ী ডকুমেন্ট সত্যায়ন, কূটনৈতিক পাসপোর্ট/ SAARC Sticker ইস্যুকরণ ও অন্যান্য কনস্যুলার সেবা প্রদান | [৩.৫.১] সেবা প্রদানকাল | সমষ্টি | দিন | ২ | | | ০২ | ০৪ | ০৬ | ০৭ | ০৮ | ০২ | ০২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [৪] বাংলাদেশের ভাবমূর্তি তুলে ধরতে শক্তিশালী বহিঃপ্রচার কার্যক্রম এবং সার্বিক জনকূটনীতি পরিচালন | ৮ | [৪.১] বিদেশি সাংবাদিকদের জন্য ‘ভিজিট বাংলাদেশ কর্মসূচি’ আয়োজন করা | [৪.১.১] আমন্ত্রিত অতিথি | সমষ্টি | সংখ্যা | ১ | ২৭ | ৯২ | ৩০ | ২৮ | ২৫ | ২৪ | ২০ | ৩৫ | ৪০ |
| | | [৪.২] পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের কার্যক্রম ভিত্তিক ‘এফওবিএন’ ও অন্যান্য প্রকাশনা সম্পাদনা ও মুদ্রণ | [৪.২.১] প্রকাশনার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | | ১২ | ১২ | ১২ | ১২ | ১২ | ১২ | ১২ | ১২ |
| | | | [৪.২.২] অন্যান্য প্রকাশনা | সমষ্টি | সংখ্যা | ১ | | | ০৪ | ০৩ | ০২ | ০১ | | ০৪ | ০৫ |
| | | [৪.৩] ঢাকায় অবস্থিত বিভিন্ন দেশের কূটনৈতিক মিশন ও আন্তর্জাতিক সংস্থাসমূহের নিকট সরকারের গৃহীত কার্যক্রম ও বিভিন্ন বিষয়ে অবস্থান তুলে ধরা | [৪.৩.১] আয়োজিত কূটনৈতিক ব্রিফিং | সমষ্টি | সংখ্যা | ১ | ০৮ | ০৮ | ১৮ | ১৬ | ১৪ | ১৩ | ১২ | ১৮ | ১৯ |
| | | [৪.৪] মুজিব বর্ষ পালন | [৪.৪.১] বিশেষ প্রকাশনা ও ক্রোড়পত্র | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৮০ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | | |
| | | | [৪.৪.২] দেশে ও বিদেশে চিত্রাঙ্কন প্রতিযোগিতা / সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৬০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৮ | | |
| | | | [৪.৪.৩] দেশে ও বিদেশে সেমিনার, কনফারেন্সের আয়োজন | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ২০ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | | |
| | | | [৪.৪.৪] বিদেশস্থ মিশনসমূহে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৭৭ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [৫] বাংলাদেশের সমুদ্রসীমায় বিদ্যমান সম্পদ ও জীববৈচিত্র্যের টেকসই ব্যবহার এবং সংরক্ষণ | ৫ | [৫.১] বাংলাদেশের মহীসোপানের ন্যায্য প্রাপ্যতা নিশ্চিতকরণে আইনী কার্যক্রম পরিচালনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | [৫.১.১] আয়োজিত/অংশগ্রহণকৃত সেশন | সমষ্টি | সংখ্যা | ১ | | ০১ | ০১ | | | | | ০১ | ০১ |
| | | [৫.২] ব্লু ইকোনমি সেক্টরসমূহের উন্নয়ন এবং সমুদ্র সম্পদ সংরক্ষন, আহরন ও যথাযথ ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় সাধন | [৫.২.১] আয়োজিত/অংশগ্রহণকৃত কনফারেন্স,সভা,সেমিনার,কর্মশালা,প্রশিক্ষণ কর্মসূচি | সমষ্টি | সংখ্যা | ০.৫ | ০১ | ০১ | ০৩ | ০২ | ০১ | | | ০৩ | ০৩ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| | | | [৫.২.২] অন্যান্য রাষ্ট্র ও সংস্থার সাথে সহযোগিতা স্থাপন, সমঝোতা স্মারক স্বাক্ষর, এ বিষয়ক পলিসি পেপার প্রণয়ন ইত্যাদি | সমষ্টি | সংখ্যা | ০.৫ | ০১ | ০১ | ০১ | | | | | ০১ | ০১ |
| | | [৫.৩] রাষ্ট্রীয় এখতিয়ার বহির্ভূত সমুদ্রাঞ্চলের জীববৈচিত্র্যের টেকসই ব্যবহার ও সংরক্ষণের জন্য আন্তর্জাতিক আইনি দলিলসমূহ প্রস্তুতকরণের বিষয়ে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ | [৫.৩.১] অংশগ্রহণকৃত সভা | সমষ্টি | সংখ্যা | ১ | ০১ | ০১ | ০২ | ০১ | | | | ০১ | ০১ |
| | | [৫.৪] আন্তর্জাতিক এবং আঞ্চলিক সংস্থাসমূহের সহযোগিতায় আনক্লজ-১৯৮২ বাস্তবায়ন এবং ব্লু-ইকোনমি সংক্রান্ত সক্ষমতা বৃদ্ধি | [৫.৪.১] সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের অংশগ্রহণকৃত বিভিন্ন কর্মশালা ও প্রশিক্ষণ কর্মসূচী | সমষ্টি | সংখ্যা | ১ | ০৪ | ০৪ | ০৬ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০৪ | ০৪ |
| | | [৫.৫] বিদেশী জাহাজে কর্মরত বাংলাদেশি সী-ফেরারদের আন্তর্জাতিক আইন অনুযায়ী প্রাপ্য সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ | [৫.৫.১] বিদেশী জাহাজে কর্মরত বাংলাদেশি সী-ফেরারদের প্রত্যার্পন | সমষ্টি | সংখ্যা | ১ | ০২ | ১১ | ০২ | ০১ | | | | ০২ | ০২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [৬] বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রত্যাবাসনে নিরবিচ্ছিন্ন কূটনৈতিক উদ্যোগ অব্যাহত রাখা | ৩ | [৬.১] বিভিন্ন দেশের রাষ্ট্র/সরকার প্রধানগণ, প্রতিনিধিবৃন্দ এবং জাতিসংঘের বিভিন্ন সংস্থা ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিবৃন্দের রোহিঙ্গা ক্যাম্প সফরের আয়োজন/ সমন্বয় সাধন | [৬.১.১] আয়োজিত/ সমন্বয় সাধনকৃত সফর | সমষ্টি | সংখ্যা | ১ | | | ২৫ | ২২ | ২১ | ২০ | ১৮ | ২৬ | ২৭ |
| | | [৬.২] রোহিঙ্গা বিষয়ক জাতীয় টাস্কফোর্সের সভা আয়োজন | [৬.২.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ০৩ | ০২ | ০১ | | | ০৩ | ০৩ |
| | | [৬.৩] রোহিঙ্গা বিষয়ে দেশে ও বিদেশে আয়োজিত বিভিন্ন সভায় অংশগ্রহণ/অংশগ্রণে সহায়তা | [৬.৩.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ০৪ | ০৩ | ০২ | ০১ | | ০৪ | ০৫ |
| | | [৬.৪] রোহিঙ্গা সমস্যা সংক্রান্ত আন্তর্জাতিক ফোরামে বিভিন্ন আয়োজনে বিভিন্ন অনুবিভাগ ও বাংলাদেশ দূতাবাস সমূহের সহায়তায় হালনাগাদ অবস্থানপত্র ও সামগ্রিক তথ্যাবলী প্রেরণ | [৬.৪.১] প্রস্তুতকৃত প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০১ | ০৫ | ০৬ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [৭] টেকসই উন্নয়ন অভীষ্ট, জলবায়ু পরিবর্তন, অভিবাসনসহ বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় বাংলাদেশের সক্রিয়, নেতৃত্বশীল ও সফল অংশগ্রহণ এবং বাংলাদেশের আন্তর্জাতিক অংশীদারিত্ব বৃদ্ধিকরণ | ৩ | [৭.১] সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা, সেমিনার ও কর্মশালায় অংশগ্রহণ | [৭.১.১] অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার ও কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ১ | ১২ | ০৯ | ০১ | | | | | ০২ | ০৩ |
| | | [৭.২] আউটকাম ডকুমেন্ট প্রস্তুতে সক্রিয় অংশগ্রহণ | [৭.২.১] প্রস্তুতকৃত আউটকাম ডকুমেন্ট/ইন্টারভেনশন | সমষ্টি | সংখ্যা | ১ | ০৯ | ০২ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০১ | ০৫ | ০৬ |
| | | [৭.৩] টেকসই উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন আন্তর্জাতিক সভা/সেমিনারে সক্রিয় অংশগ্রহণ/প্রশিক্ষণ | [৭.৩.১] অংশগ্রহণকৃত সভা/সেমিনার/প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ১ | ০৮ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০১ | | ০৫ | ০৬ |
| [৮] বাংলাদেশের পণ্য রপ্তানি ও শ্রমবাজার সম্প্রসারণে সহায়তা এবং বাংলাদেশে বিনিয়োগে আকৃষ্টকরণ | ২ | [৮.১] বিদেশে বাণিজ্যমেলা আয়োজনে সহযোগিতা করা | [৮.১.১] আয়োজিত বাণিজ্য মেলা | সমষ্টি | সংখ্যা | ১ | ০৭ | ০৮ | ০৯ | ০৮ | ০৭ | ০৬ | ০৫ | ১০ | ১১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | [৮.২] শ্রম বাজার সম্প্রসারণ সংক্রান্ত জটিলতা নিরসনে সংশ্লিষ্ট দেশের সরকারী ও বেসরকারি নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা সভা আয়োজন | [৮.২.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ১ | ২৫ | ১২ | ২০ | ১৮ | ১৬ | ১৫ | ১৪ | ২৫ | ২৬ |
| [৯] অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক আলোচনায় অংশগ্রহণ ও বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ | ১ | [৯.১] অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ | [৯.১.১] অংশগ্রহণকৃত অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত আলোচনা | সমষ্টি | সংখ্যা | ১ | ১১ | ০৫ | ০৭ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০৭ | ০৮ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১১ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | গড় | % | ১ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | গড় | % | ১ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃকডিজিটাল সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.০২.২০ | ১৫.০৩.২০ | ৩১.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩০.০৫.২০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [১.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১১.০৩.২০ | ১৮.০৩.২০ | ২৫.০৩.২০ | ০১.০৪.২০ | ০৮.০৪.২০ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১০.০১.২০ | ১৭.০১.২০ | ২৪.০১.২০ | ২৮.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] সেবা সহজিকরণ | [১.৫.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.১০.১৯ | ২০.১০.১৯ | ২৪.১০.১৯ | ২৮.১০.১৯ | ৩০.১০.১৯ | | |
| | | | [১.৫.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.০৪.২০ | ৩০.০৪.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | | |
| | | [১.৬] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৬.১] পি আর এল আদেশ জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [১.৬.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [১.৭] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [১.৭.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [১.৭.২] নিয়োগ প্রদানকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [১.৮] বিভাগীয় মামলা নিষ্পত্তি | [১.৮.১] বিভাগীয় মামলা নিষ্পত্তিকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | [১.৯] তথ্যবাতায়ন হালনাগাদকরণ | [১.৯.১] মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্যহালনাগাদকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [২] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [২.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [২.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৬০ | | | | | | |
| | | | [২.১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন নির্ধারিত সময়ে অনলাইনে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | | |
| | | | [২.১.৩] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [২.১.৪] দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.০১.২০ | ০৭.০২.২০ | ১০.০২.২০ | ১১.০২.২০ | ১৪.০২.২০ | | |
| | | [২.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [২.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | | | |
| | | | [২.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১০.১৯ | ১৫.১১.১৯ | ১৫.১২.১৯ | ১৫.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | [২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | | [২.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ১২ | ১১ | ১০ | ৯ | | | |
| | | [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [২.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | গড় | % | ১ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | | |
| | | | [২.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | | [২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.১২.১৯ | ১৫.০১.২০ | ০৭.০২.২০ | ১৭.০২.২০ | ২৮.০২.২০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৬.০৮.১৯ | ২০.০৮.১৯ | ২৪.০৮.১৯ | ২৮.০৮.১৯ | ৩০.০৮.১৯ | | |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | সমষ্টি | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৩] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.৩.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৪] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৪.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য উপস্থাপিত অডিট আপত্তি | সমষ্টি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [৩.৪.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.৫] টেলিফোন বিল পরিশোধ | [৩.৫.১] টেলিফোন বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৬] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধ | [৩.৬.১] ইন্টারনেট বিল পরিশোধিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৬.০৭.২০১৯

সিনিয়র সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়

তারিখ

১৬.০৭.২০১৯

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

**সংযোজনী-১**

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | UNCLOS | United Nations Convention on the Law of the Sea |
| ২ | CLCS | Commission on the Limits of the Continental Shelf |
| ৩ | GFMD | Global Forum on Migration and Development |
| ৪ | FOC | Foreign Office Consultation |
| ৫ | বিমসটেক | বহুমূখী কারিগরি ও অর্থনৈতিক সহযোগিতার বঙ্গোপসাগরীয় উদ্যোগ |
| ৬ | সার্ক | দক্ষিণ এশীয় আঞ্চলিক ও সহযোগিতা সংস্থা |
| ৭ | এম আর ভি | মেশিন রিডেবল ভিসা |
| ৮ | এম আর পি | মেশিন রিডেবল পাসপোর্ট |
| ৯ | FOBN | Foreign Office Briefing Notes |
| ১০ | IORA | Indian Ocean Rim Association |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বিদেশ সফর এবং বিদেশী সরকার ও রাষ্ট্রপ্রধানের বাংলাদেশ সফরের আয়োজন | [১.১.১] আয়োজিত সফর | কোন রাষ্ট্রপ্রধান কিংবা সরকার প্রধান পর্যায়ের সফরকে ভিভিআইপি সফর হিসেবে চিহ্নিত করা হয়। দুইটি দেশের মধ্যকার দীর্ঘদিনের পরম বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, সদ্ভাব ও পারস্পরিক সহযোগিতার চূড়ান্ত নিদর্শন হচ্ছে ভিভিআইপি সফর যার মাধ্যমে দুইটি দেশ দ্বিপাক্ষিক সম্পর্ক সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যেতে সচেষ্ট হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় | আয়োজিত সফরের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] দেশে ও বিদেশে মন্ত্রী পর্যায়ের বৈঠক আয়োজন ও অংশগ্রহণ | [১.২.১] আয়োজিত বৈঠক | মন্ত্রী পর্যায়ের বৈঠক দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বৈঠকের সংখ্যা পূর্বনির্ধারিত নয় বিধায় এক বছরে অনুষ্ঠিত বৈঠকের সংখ্যা অন্য বছরে অনুষ্ঠিত বৈঠকের সংখ্যা অন্য বছর থেকে কম বেশি হতে পারে। | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত বৈঠকের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] দ্বিপাক্ষিক চুক্তি/সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৩.১] চুক্তি/সমঝোতা স্মারকের খসড়া প্রণয়ন, আলোচনা, স্বাক্ষর ও বাস্তবায়ন | যেকোন সফল কূটনৈতিক নেগোসিয়েশনের চূড়ান্ত ফলাফল হচ্ছে চুক্তি সম্পাদন। দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরের মাধ্যমে দুটি দেশ নির্ধারিত সময়ের মধ্যে নির্দিষ্ট কিছু লক্ষ্য পূরণে অঙ্গীকার আবদ্ধ হয় যার কারণে ঐদেশ দুটি আন্তর্জাতিক আইনে দায়বদ্ধ থাকে। ২০১৬-১৭ অর্থবছরে পররাষ্ট্র মন্ত্রণালয় বাংলাদেশের বন্ধু প্রতিম দেশসমূহেরস সঙ্গে বেশ কিছু গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর করেছে। উদাহরণ হিসেবে বলা যেতে পারে ২০১৬ সালে চীন ও ভারতের সাথে স্বাক্ষরিত দ্বিপাক্ষিক চুক্তির কথা। সালের অক্টোবরে গণচীনের মহামান্য রাষ্ট্রপতির বাংলাদেশ সফরের সময় পারস্পরিক সহযোগিতার বিভিন্ন ক্ষেত্রে স্বাক্ষরিত ২৭ টি চুক্তিও সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় এবং ২০১৭ সালে মাননীয় প্রধানমন্ত্রীর ভারত সফরকালে বাণিজ্য ও যোগাযোগ বৃদ্ধি, জ্বালানী, তথ্য প্রযুক্তি, পর্যটন প্রভৃতি ক্ষেত্রে স্বাক্ষরিত ৩৫ টি চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় যা বাংলাদেশের সাথে চীন ও ভারতের সম্পর্ক নতুন উচ্চতায় উন্নীত করেছে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং চুক্তির বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় | স্বাক্ষরিত চুক্তির সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৪] কূটনৈতিক সম্পর্ক সুসংহতকরণ | [১.৪.১] রাষ্ট্রদূত/হাইকমিশনারগণের পরিচয়পত্র পেশের ব্যবস্থা, অনারারী কনসাল নিয়োগ সংক্রান্ত কার্যাবলী | রাষ্ট্রদূতগন/হাইকমিশনারগণের পরিচয়পত্র পেশের বিষয়টি প্রতিনিধিত্বকরণের প্রথম ধাপ। মহামান্য রাষ্ট্রপতির নিকট আনুষ্ঠানিকতার মাধ্যমে রাষ্ট্রদূতগন/হাইকমিশনারগণের পরিচয়পত্র পেশ, অনারারী কনসাল নিয়োগের মাধ্যমে দ্বিপাক্ষিক সম্পর্ক রক্ষায় প্রতিনিধিত্বকরণের সূচনা হয়। | প্রধানমন্ত্রীর কার্যালয়,রাষ্ট্রপতির কার্যালয় | সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয় |
| | [১.৪.২] দেশে ও বিদেশে নতুন মিশন স্থাপনের জন্য প্রস্তাব প্রেরণ | পরিবর্তনশীল বিশ্ব ব্যবস্থায় বাংলাদেশের কূটনৈতিক কর্মকান্ড এখন বহমাত্রিক। বাংলাদেশের ক্রমবর্ধমান কূটনৈতিক কর্মকান্ড ও রাজনৈতিক প্রেক্ষাপটে এবং বর্হিবিশ্বে বাংলাদেশের অবস্থান আরো সুদৃঢ় করার লক্ষ্যে মন্ত্রণালয়ের কাজের পরিধি বহগুণ বৃদ্ধি পেয়েছে। স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের জন্য একটি সমন্বিত, কার্যকর, বেগবান পররাষ্ট্র নীতি পরিচালনার এবং সরকারের গৃহীত রূপকল্পের আলোকে ২০৪১ সালের মধ্যে উচ্চ আয়ের দেশে উত্তরণের নিমিত্ত বর্হিবিশ্বে বাংলাদেশের কূটনৈতিক উপস্থিতি ও তৎপরতা অধিকতর দৃশ্যমান করার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বিশ্বের বিভিন্ন গুরুত্বপূর্ণ দেশে নতুন নতুন মিশন স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে। | পররাষ্ট্র মন্ত্রণালয় | নতুন চালুকৃত মিশনের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] ফরেন অফিস কন্সালটেশন (FOC)/ সচিব পর্যায়ের বৈঠক আয়োজন ও অংশগ্রহণ | [১.৫.১] আয়োজিত বৈঠক | বর্তমানে অধিকাংশ দেশে পররাষ্ট্র মন্ত্রী কিংবা পররাষ্ট্র সচিব পর্যায়ে ফরেন অফিস কন্সালটেশন এর মাধ্যমে বিভিন্ন গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক বিষয় নিয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এবং বিভিন্ন দিক পরীক্ষা-নিরীক্ষা ও বিশ্লেষণপূর্বক চুক্তি কিংবা সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রয়াস নেন। এছাড়াও FOC-এ গৃহীত সুপারিশ/আলোচনাসমূহ দুই দেশের মধ্যকার সম্ভাব্য সহযোগিতার ক্ষেত্রগুলোকেচিহ্নিত করে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণে সহায়ক হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত এবং অংশগ্রহণকৃত ফরেন অফিস কন্সালটেশন এর সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রী ও সচিব পর্যায়ের সাথে বিদেশী প্রতিনিধিদলের সাক্ষাত এর আয়োজন ও বাচ্যাবলী প্রস্তুত করা | [১.৬.১] আয়োজিত সাক্ষাত/ সৌজন্য সাক্ষাত | দ্বিপাক্ষিক ইস্যুতে অনুষ্ঠিত সফর/সভা/বৈঠকে বাংলাদেশের অবস্থান তুলে ধরে যথাযথভাবে বাচ্যাবলী/ বক্তৃতা উপস্থাপনের মাধ্যমে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ ও ভাবমূর্তি সমুজ্জ্বলকরণের সমূহ সম্ভাবনার সৃষ্টি হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত সৌজন্য সাক্ষাত সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] বিভিন্ন দেশে জাতীয় দিবস ও অন্যান্য গুরুত্বপূর্ণ প্রেক্ষাপটে বার্তা প্রেরণ | [১.৭.১] প্রেরণকৃত বার্তা | বিভিন্ন দেশে জাতীয় দিবস, জাতীয় শোক দিবস ও অন্যান্য গুরুত্বপূর্ণ প্রেক্ষাপটে শুভেচ্ছাবার্তা, শোকবার্তা, প্রভৃতি প্রেরণের মাধ্যমে সংহতি প্রকাশ করে যা সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখতে সহায়ক। | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | প্রেরণকৃত বার্তা সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৮] বাংলাদেশে/বিদেশে সেমিনার, কনফারেন্স, প্রশিক্ষণ এ অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, সংস্থার সাথে সমন্বয় সাধন | [১.৮.১] আয়োজিত সিম্পোজিয়াম,সেমিনার,কনফারেন্স, প্রশিক্ষণ | বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে দেশে ও বিদেশে অনুষ্ঠিত সিম্পোজিয়াম/সেমিনার/কনফারেন্স/ প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহত হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত সিম্পোজিয়াম/ সেমিনার/ কনফারেন্স/ প্রশিক্ষণ এর সংখ্যা | পররাষ্ট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] বিদেশে বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার এ অংশগ্রহণ | [২.১.১] অংশগ্রহণকৃত কনফারেন্স/সেমিনার | বহুপাক্ষিক কনফারেন্স বা সেমিনারে বৈশ্বিকভাবে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয় যেখানে সকল দেশ আলোচ্য বিষয়ে তার অবস্থান তুলে ধরে। জাতীয় স্বার্থ সুরক্ষায় এসব বহুপাক্ষিক কনফারেন্স বা সেমিনারে অংশগ্রহণ গুরুত্বপূর্ণ। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং কনফারেন্স/সেমিনার এর বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় | অংশগ্রহণকৃত কনফারেন্স/সেমিনার এর সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] জাতিসংঘ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার নির্বাচনে অংশগ্রহণ | [২.২.১] অংশগ্রহণকৃত নির্বাচন | জাতিসংঘ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশের অবস্থায় বাংলাদেশের অবস্থান সুদৃঢ় করা এবং বিশ্ববাসীর কাছে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করার ক্ষেত্রে সংস্থাসমূহের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অংশগ্রহণ এবং জয়লাভ খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়। | অংশগ্রহণকৃত নির্বাচনের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] ঢাকায় বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার আয়োজন | [২.৩.১] আয়োজিত কনফারেন্স/সেমিনার | ঢাকায় আয়োজিত এই সব বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার বিশ্ব দরবারে দেশের ভাবমূর্তি সমুজ্জ্বলকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশ মধ্যম মাত্রায় এই রকম বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার আয়োজনে তার সক্ষমতা বৃদ্ধির জন্য কাজ করে আসছে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং কনফারেন্স/সেমিনার সংশ্লিষ্ট মন্ত্রণালয় | আয়োজিত কনফারেন্স/ সেমিনারের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] আঞ্চলিক সভা/সেমিনারে অংশগ্রহণ এবং বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থার সাথে সমন্বয় সাধন | [২.৪.১] অংশগ্রহণকৃত আঞ্চলিক সভা/সেমিনার | আঞ্চলিক সভা/সেমিনারে আঞ্চলিকভাবে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয় যেখানে অন্যান্য দেশ আলোচ্য বিষয়ে তার অবস্থান তুলে ধরে। আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থা স্থাপন ও সুদৃঢ় করার ক্ষেত্রে এবং বাংলাদেশের জাতীয় স্বার্থ সুরক্ষায় এসব সভা ও সেমিনারে অংশগ্রহণ এবং বাংলাদেশের অবস্থান তুলে ধরা খুবই গুরুত্বপূর্ণ। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | অংশগ্রহণকৃত আঞ্চলিক সভা/সেমিনারের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৫] ঢাকায় আঞ্চলিক সভা/ সেমিনার আয়োজন | [২.৫.১] আয়োজিত সভা/ সেমিনার | সার্ক, বিমসটেক, বিসিআইএম-এ বাংলাদেশের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন ইস্যু সংস্থাগুলির মূল কার্যক্রমে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে বিভিন্ন সেমিনার/সভা আয়োজন করা প্রয়োজন। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত কনফারেন্স/ সেমিনারের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৬] জাতিসংঘের কাউন্সিল ও বিভিন্ন কমিটিতে বাংলাদেশের প্রতিবেদন দাখিল, বিভিন্ন জিজ্ঞাসার জবাব প্রস্তুতকরণ | [২.৬.১] অংশগ্রহণকৃত সভা/সেমিনার | জাতিসংঘ মানবাধিকার কাউন্সিল এবং বিভিন্ন কমিটিতে পর্যালোচনা অথবা মানবাধিকার সংক্রান্ত বিভিন্ন কনভেনশনের রাষ্ট্রপক্ষ কর্তৃক বাস্তবায়ন প্রতিবেদন দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। এ সকল পর্যালোচনা বা প্রতিবেদনের মা্ধ্যমে মানবাধিকার বিষয়ে সরকারের গৃহীত পদক্ষেপ ও অর্জনসমূহ আন্তর্জাতিক পরিমন্ডলে তুলে ধরা হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং কনভেনশনের বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় | অংশগ্রহণকৃত সভা/ফোরাম বা দাখিলকৃত প্রতিবেদনের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৭] জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের বিভিন্ন সভা সেমিনারে অংশগ্রহণ | [২.৭.১] অংশগ্রহণকৃত সভা/ফোরাম | জাতিসংঘের শান্তিরক্ষা কাযক্রমে অবদানের ক্ষেত্রে বাংলাদেশ প্রথম সারির দেশ হিসেবে অবদান রেখে যাচ্ছে। জাতিসংঘের শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের অবদান প্রভাবিত হতে পারে এ ধরনের আলোচনায় বাংলাদেশের অংশগ্রহণ জরুরি। এছাড়া এ সংক্রান্ত বিভিন্ন সভা/সেমিনারে অংশগ্রহণের মাধ্যমে এ ক্ষেত্রে বাংলাদেশের বিদ্যমান সুনাম ধরে রাখা এবং অবদান উত্তরোত্তর বৃদ্ধি করা প্রয়োজন। | পররাষ্ট্র মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় ও সংস্থা | অংশগ্রহণকৃত সভা/ফোরামের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৮] আঞ্চলিক/বহুপাক্ষিক চুক্তি/সমঝোতা স্মারক | [২.৮.১] আঞ্চলিক/বহুপাক্ষিক চুক্তি/সমঝোতা স্মারক (খসড়া বিনিময়, আলোচনা স্বাক্ষর/অনুসমর্থন কার্যকর ও বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা) | যেকোন সফল কূটনৈতিক নেগোসিয়েশনের চূড়ান্ত ফলাফল হচ্ছে চুক্তি সম্পাদন। আঞ্চলিক/বহুপাক্ষিক চুক্তি স্বাক্ষরের মাধ্যমে দেশসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নির্দিষ্ট কিছু লক্ষ্য পূরণে অঙ্গীকারাবদ্ধ হয় যার কারণে দেশসমূহ আন্তর্জাতিক আইনে দায়বদ্ধ থাকে। ইতোমধ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় বেশ কিছু গুরুত্বপূর্ণ আঞ্চলিক/বহুপাক্ষিক চুক্তি স্বাক্ষর করেছে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং চুক্তির বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় | স্বাক্ষরিত চুক্তির সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৯] আঞ্চলিক / বহুপাক্ষিক বিভিন্ন ফোরামে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রীর সফর ও মন্ত্রী পর্যায়ের,বিশিষ্ট ব্যক্তিবর্গের,সংস্থার প্রতিনিধির সফর | [২.৯.১] আয়োজিত সফর | আঞ্চলিক/বহুপাক্ষিক বিভিন্ন ফোরামে মহামান্য রাষ্ট্রপতি/মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতির মাধ্যমে বিশ্ব ফোরামে বাংলাদেশের অবস্থান তুলে ধরার পাশাপাশি বাংলাদেশের স্বার্থ সংরক্ষণের সুযোগ সৃষ্টি হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত সফর সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.১০] বহুপাক্ষিক ও আঞ্চলিক ইস্যুতে বাংলাদেশের পজিশন পেপার/ ব্রিফ/ ইনটারভেনশন/বাচ্যাবলী/ বক্তৃতা/শুভেচ্ছা বার্তা প্রস্তুতকরণ | [২.১০.১] অনুষ্ঠিত সভা/সেমিনারে প্রেরিত পজিশন পেপার/ব্রিফ/ ইনটারভেনশন/বাচ্যাবলী/ বক্তৃতা | বহুপাক্ষিক ও আঞ্চলিক ইস্যুতে অনুষ্ঠিত সভা/সেমিনারে বাংলাদেশের পজিশন পেপার/ব্রিফ/ইনটারভেনশন/বাচ্যাবলী/ বক্তৃতা সঠিকভাবে উপস্থাপনের মাধ্যমে বাংলাদেশেরে স্বার্থ সংরক্ষণ ও ভাবমূর্তি সমুজ্জ্বলকরণের সমূহ সম্ভাবনার সৃষ্টি হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | অনুষ্ঠিত সভা/সেমিনারে প্রেরিত পজিশন পেপার/ব্রিফ/ ইনটারভেনশন/বাচ্যাবলী/ বক্তৃতা এর সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.১১] আঞ্চলিক/আন্তর্জাতিক বিভিন্ন সংস্থায় চাঁদা প্রদান | [২.১১.১] সংস্থায় চাঁদা প্রদান | বিভিন্ন আঞ্চলিক/আন্তর্জাতিক সংস্থায় চাঁদা প্রদান, উক্ত সংস্থায় সদস্য পদ ধরে রাখা এবং কখনও কখনও ভোটাধিকার সংরক্ষণের পূর্ব শর্ত। | পররাষ্ট্র মন্ত্রণালয় | চাঁদা গ্রহণকারী সংস্থার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.১২] সন্ত্রাসবাদ ও সহিংস জঙ্গিবাদ দমনে সরকারের অবস্থান বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক ফোরামে তুলে ধরার লক্ষ্যে সভা/ সেমিনারে অংশগ্রহণ | [২.১২.১] সেমিনার/সভায় অংশগ্রহণ | সন্ত্রাসবাদ ও সহিংস জঙ্গিবাদ বর্তমান বিশ্বের জন্য একটি চ্যালেঞ্জ। সন্ত্রাসবাদ ও সংহিস জঙ্গিবাদের বিষয়ে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় বাংলাদেশের সংশ্লেষ বজায় রাখা এবং এ বিষয়ে বাংলাদেশ সরকারের জিরো টলারেন্স নীতি তুলে ধরার ক্ষেত্রে বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক ফোরামে অংশগ্রহণ গুরুত্বপূর্ণ। | পররাষ্ট্র মন্ত্রণালয় | অংশগ্রহণকৃত সভা/সেমিনারের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে মেশিন রিডেবল পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্প্রসারণ | [৩.১.১] কার্যক্রম চালুকৃত মিশন [ক্রম পুঞ্জিভূত সংখ্যা] | ICAO এর নির্দেশনা অনুযায়ী সকল দেশ স্ব-স্ব নাগরিকদের এমআরপি পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্পন্ন করতে সচেষ্ট। কেননা ২০১৫ সালের ২৪ নভেম্বরের পর আর কোন নাগরিক এমআরপি পাসপোর্ট ছাড়া বিমান ভ্রমনে অনুমতি প্রাপ্ত হবেন না এবং সকল হাতে লেখা পাসপোর্ট অপ্রচলিত হয়ে যাবে এই প্রেক্ষিতে পররাষ্ট্র মন্ত্রণালয় প্রায় সকল বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে এমআরপি পাসপোর্ট প্রদান কার্যক্রম চালু করেছে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পাসপোর্ট অধিদপ্তর | এমআরপি কার্যক্রম চালুকৃত মিশনের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] বিদেশস্থ বাংলাদেশ মিশনে মেশিন রিডেবল ভিসা প্রদান কার্যক্রম সম্প্রসারণ | [৩.২.১] কার্যক্রম চালুকৃত মিশন [ক্রম পুঞ্জিভূত সংখ্যা] | ICAO এর নির্দেশনা অনুযায়ী সকল দেশ এমআরভি কার্যক্রম চালু করতে বাধ্য। এ প্রেক্ষিতে পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে এমআরভি প্রদান কার্যক্রম চালু করেছে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পাসপোর্ট অধিদপ্তর | এমআরভি কার্যক্রম চালুকৃত মিশনের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] প্রবাসী বৈধ বাংলাদেশী আবেদনকারীদের পাসপোর্ট প্রদান | [৩.৩.১] আবেদন অনুযায়ী প্রদত্ত মেশিন রিডেবল পাসপোর্ট এর হার | ICAO এর নির্দেশনা অনুযায়ীবিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে সকল প্রবাসী বাংলাদেশিদেরকে এমআরপি প্রদান কার্যক্রম চালু রয়েছে। ২০১৪-১৫, ২০১৫-১৬ এবং ২০১৬-১৭ অর্থবছরে এই কার্যক্রমটির কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি সংখ্যায় নির্ধারণ করা হয়েছিল। লক্ষ্যমাত্রা ও প্রক্ষেপণের সীমাবদ্ধতার কারণে মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা কমিটি ও বাজেট ম্যানেজমেন্ট কমিটি এই কার্যক্রমকে কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি শতকরায় নির্ধারণ করেছে। যেহেতু ২০১৫-১৬ এবং ২০১৬-১৭ অর্থবছরে মন্ত্রণালয় এই কর্মসম্পাদন সূচকের জন্য পূর্ণমান অর্জন করেছে তাই ২০১৫-১৬ এবং ২০১৬-১৭ অর্থবছরে অর্জন শতভাগ দেখানো হয়েছে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পাসপোর্ট অধিদপ্তর | আবেদন অনুযায়ী সেবা প্রদানের শতকরা হার। | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে এবং ঢাকাস্থ পররাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রবাসী বাংলাদেশীদেরকে কন্স্যুলার সেবা প্রদান দ্রুততরকরণ | [৩.৪.১] মেশিন রিডেবল পাসপোর্ট প্রদানকাল | বর্তমানে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে একজন প্রবাসী বাংলাদেশিকে এমআরপি প্রদান করতে প্রায় দুই মাস লেগে যায়। পররাষ্ট্র মন্ত্রণালয় এই এমআরপি প্রক্রিয়াকরণের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে পাসপোর্ট প্রদানকাল এক মাসের নিম্নে নামিয়ে আনার জন্য কাজ করে যাচ্ছেন। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পাসপোর্ট অধিদপ্তর | আবেদনের পর পাসপোর্ট প্রদানের মধ্যবর্তী সময় (দিন) | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৫] দাখিলকৃত আবেদন অনুযায়ী ডকুমেন্ট সত্যায়ন, কূটনৈতিক পাসপোর্ট/ SAARC Sticker ইস্যুকরণ ও অন্যান্য কনস্যুলার সেবা প্রদান | [৩.৫.১] সেবা প্রদানকাল | বর্তমানে পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ দাখিলকৃত আবেদন অনুযায়ী সত্যায়ন, কূটনৈতিক পাসপোর্ট/SAARC Sticker ইস্যুকরণ ও অন্যান্য কনস্যুলার সেবা প্রদান করতে দক্ষতা বৃদ্ধি ও প্রযুক্তির মাধ্যমে পাসপোর্ট প্রদানকাল এক মাসের নিচে নামিয়ে আনার জন্য কাজ করে যাচ্ছে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, | আবেদনের পর সেবা প্রদানের মধ্যবর্তী সময় (দিন) | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.১] বিদেশি সাংবাদিকদের জন্য 'ভিজিট বাংলাদেশ কর্মসূচি' আয়োজন করা | [৪.১.১] আমন্ত্রিত অতিথি | বাংলাদেশের শিল্প সংস্কৃতি , ইতিহাস , ঐতিহ্য, সামাজিক, অর্থনৈতিক ও প্রাকৃতিক সৌন্দর্য বিশ্ব দরবারে তুলে ধরার জন্য এই কর্মসূচির আওতায় প্রতি বছর বিভিন্ন দেশের সাংবাদিকদের বাংলাদেশে আমন্ত্রণ জানানো হয়। | পপররাষ্ট্র মন্ত্রণালয় | আমন্ত্রিত অতিথি সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের কার্যক্রম ভিত্তিক 'এফওবিএন' ও অন্যান্য প্রকাশনা সম্পাদনা ও মুদ্রণ | [৪.২.১] প্রকাশনার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাসিক প্রকাশনা এফওবিএন (ফরেন অফিস ব্রিফিং নোটস) ও অন্যান্য প্রকাশনার মাধ্যমে নিয়মিতভাবে বিশ্বপরিমন্ডলে অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক ও প্রগতিশীল রাষ্ট্র হিসেবে বাংলাদেশের ভাবমূর্তি সমুন্নতকরণে প্রচেষ্টার পাশাপাশি সার্বিক জনকূটনীতি পরিচালনা করে চলেছে। | পররাষ্ট্র মন্ত্রণালয় | প্রকাশনার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [৪.২.২] অন্যান্য প্রকাশনা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাসিক প্রকাশনা এফওবিএন (ফরেন অফিস ব্রিফিং নোটস) ও অন্যান্য প্রকাশনার মাধ্যমে নিয়মিতভাবে বিশ্বপরিমন্ডলে অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক ও প্রগতিশীল রাষ্ট্র হিসেবে বাংলাদেশের ভাবমূর্তি সমুন্নতকরণে প্রচেষ্টার পাশাপাশি সার্বিক জনকূটনীতি পরিচালনা করে চলেছে। | পররাষ্ট্র মন্ত্রণালয় | প্রকাশনার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] ঢাকায় অবস্থিত বিভিন্ন দেশের কূটনৈতিক মিশন ও আন্তর্জাতিক সংস্থাসমূহের নিকট সরকারের গৃহীত কার্যক্রম ও বিভিন্ন বিষয়ে অবস্থান তুলে ধরা | [৪.৩.১] আয়োজিত কূটনৈতিক ব্রিফিং | ঢাকায় অবস্থিত বিভিন্ন দেশের কূটনৈতিক মিশন এবং আন্তর্জাতিক সংস্থাসমূহের নিকট বাংলাদেশ সরকারের উজ্জ্বল ভাবমূর্তি তুলে ধরতে পররাষ্ট্র মন্ত্রণালয় নিয়মিতভাবে কূটনৈতিক ব্রিফিং-এর আয়োজন করে থাকে। | পররাষ্ট্র মন্ত্রণালয় | আয়োজিত কূটনৈতিক ব্রিফিং এর সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.৪] মুজিব বর্ষ পালন | [৪.৪.১] বিশেষ প্রকাশনা ও ক্রোড়পত্র | বিশেষ প্রকাশনা ও ক্রোড়পত্রের মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা ও বাঙালি জাতির ন্যায্য অধিকার ও সম্মান অর্জনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান ও তাঁর সংগ্রামী রাজনৈতিক জীবন বিশ্বাঙ্গনে তুলে ধরা হবে | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহ | প্রকাশিত বিশেষ প্রকাশনা ও ক্রোড়পত্রের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [৪.৪.২] দেশে ও বিদেশে চিত্রাঙ্কন প্রতিযোগিতা / সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন | দেশে ও বিদেশে চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা ও বাঙালি জাতির ন্যায্য অধিকার আদায়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদানকে তুলে ধরা। পাশাপাশি বন্ধুরাষ্ট্রের নবীন প্রজন্মের কাছেও বিশ্বনেতা হিসেবে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে তুলে ধরা। | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহ | দেশে ও বিদেশে আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [৪.৪.৩] দেশে ও বিদেশে সেমিনার, কনফারেন্সের আয়োজন | দেশে ও বিদেশে সেমিনার, কনফারেন্সে আয়োজনের মাধ্যমে বাংলাদেশের অভ্যুদয় ও এর নেপথ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংগ্রামী অবদান তুলে ধরা হবে যা আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের মহিমান্বিত ও গৌরবোজ্জ্বল ইতিহাসকে প্রতিফলিত করবে | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহ | দেশে ও বিদেশে আয়োজিত সেমিনার, কনফারেন্সের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [৪.৪.৪] বিদেশস্থ মিশনসমূহে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন | বিদেশস্থ মিশনসমূহে 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপনের মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা ও বাঙালি জাতির ন্যায্য অধিকার আদায়ে ও বিশ্ব শান্তি আনায়নে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান তুলে ধরা। | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহ | স্থাপিত বঙ্গবন্ধু কর্ণার এর সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] বাংলাদেশের মহীসোপানের ন্যায্য প্রাপ্যতা নিশ্চিতকরণে আইনী কার্যক্রম পরিচালনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | [৫.১.১] আয়োজিত/অংশগ্রহণকৃত সেশন | জাতিসংঘের CLCS-এ বাংলাদেশের মহীসোপান দাবী সংক্রান্ত সাবমিশনটি বিবেচনাধীন রয়েছে।২০১৯ সালের মধ্যে CLCS কর্তৃত বাংলাদেশে জমাকৃত মহীসোপান দাবী সংক্রান্ত সাবমিশনটি গঠন করার সম্ভাবনা রয়েছে। উল্লেখ্য, পররাষ্ট্র মন্ত্রণালয় মহীসোপান দাবীর জন্য কার্যক্রম চালিয়ে যাবে বিবেচনায় ২০১৯-২০ অর্থবছরে লক্ষ্যমাত্রা ও পরবর্তী ০২ বছরে প্রক্ষেপণ ০১ ধরা হয়েছে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় | আইনি কার্যক্রমের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.২] ব্লু ইকোনমি সেক্টরসমূহের উন্নয়ন এবং সমুদ্র সম্পদ সংরক্ষন, আহরন ও যথাযথ ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় সাধন | [৫.২.১] আয়োজিত/অংশগ্রহণকৃত কনফারেন্স,সভা,সেমিনার,কর্মশালা,প্রশিক্ষণ কর্মসূচি | ব্লু ইকোনমি সেক্টরসমূহের উন্নয়ন এবং সমুদ্র সম্পদ সংরক্ষন, আহরন ও যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের স্বার্থে প্রয়োজনীয় কনফারেন্স/সভা/সেমিনার/ কর্মশালা/প্রশিক্ষন কর্মসূচি আয়োজন/ কর্মসূচিতে অংশগ্রহণের মাধ্যমে ব্লু ইকোনমি বিষয়ে সম্যক জ্ঞান অর্জন ও অন্যান দেশের অবস্থান/কার্যক্রম সম্পর্কে জানার সুযোগ রয়েছে। | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | অংশগ্রহণকৃত কনফারেন্স/সভা/সেমিনার/ কর্মশালা/ প্রশিক্ষন কর্মসূচি আয়োজন/ কর্মসূচির সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৫.২] ব্লু ইকোনমি সেক্টরসমূহের উন্নয়ন এবং সমুদ্র সম্পদ সংরক্ষন, আহরন ও যথাযথ ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় সাধন | [৫.২.২] অন্যান্য রাষ্ট্র ও সংস্থার সাথে সহযোগিতা স্থাপন, সমঝোতা স্মারক স্বাক্ষর, এ বিষয়ক পলিসি পেপার প্রণয়ন ইত্যাদি | বাংলাদেশের অধিকৃত সমুদ্র অঞ্চলে বিদ্যমান সম্পদ ও জীববৈচিত্র্যের টেকসই ব্যবহার এবং সংরক্ষণ নিশ্চিতকরণের স্বার্থে অন্যান্য রাষ্ট্র ও সংস্থার সাথে সহযোগিতা স্থাপন, এ বিষয়ক পলিসি পেপার প্রণয়ণ সহায়ক ভূমিকা রাখা যেতে পারে। | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ প্র | ণয়নকৃত পলিসি পেপারের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.৩] রাষ্ট্রীয় এখতিয়ার বহির্ভূত সমুদ্রাঞ্চলের জীববৈচিত্র্যের টেকসই ব্যবহার ও সংরক্ষণের জন্য আন্তর্জাতিক আইনি দলিলসমূহ প্রস্তুতকরণের বিষয়ে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ | [৫.৩.১] অংশগ্রহণকৃত সভা | জাতিসংঘের অনুষ্ঠিত বিভিন্ন সভায় সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে রাষ্ট্রীয় এখতিয়ার বহির্ভূত সমুদ্রাঞ্চলের পরিবেশগত ভারসাম্য নিশ্চিতকরণ, জীববৈচিত্র্যের টেকসই ব্যবহার ও সংরক্ষণ পররাষ্ট্র মন্ত্রণালয় অংশগ্রহণকৃত সভার সংখ্যা পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | পররাষ্ট্র মন্ত্রণালয় | অংশগ্রহণকৃত সভার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.৪] আন্তর্জাতিক এবং আঞ্চলিক সংস্থাসমূহের সহযোগিতায় আনক্লজ-১৯৮২ বাস্তবায়ন এবং ব্লু-ইকোনমি সংক্রান্ত সক্ষমতা বৃদ্ধি | [৫.৪.১] সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের অংশগ্রহণকৃত বিভিন্ন কর্মশালা ও প্রশিক্ষণ কর্মসূচী | জাতিসংঘ সমুদ্র আইন বিভাগ, ইন্টারন্যাশনাল সী-বেড অথরিটি, আইওসি-ইউনেস্কো, IORA'সহ বিভিন্ন সংস্থা কর্তৃক আয়োজিত কর্মশালা/প্রশিক্ষন কর্মসূচীতে অংশগ্রহণের মাধ্যমে জাতিসংঘ সমুদ্র আইন কনভেনশন (আনক্লজ-১৯৮২) বাস্তবায়ন এবং ব্লু-ইকোনমি সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তরের কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি করা যেতে পারে। | পররাষ্ট্র মন্ত্রণালয় | অংশগ্রহণকৃত কর্মশালা/প্রশিক্ষণের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.৫] বিদেশী জাহাজে কর্মরত বাংলাদেশি সী-ফেরারদের আন্তর্জাতিক আইন অনুযায়ী প্রাপ্য সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ | [৫.৫.১] বিদেশী জাহাজে কর্মরত বাংলাদেশি সী-ফেরারদের প্রত্যার্পন | বিদেশী জাহাজে কর্মরত বাংলাদেশি সী-ফেরারদের আন্তর্জাতিক আইন অনুযায়ী বাংলাদেশে প্রত্যার্পনের বিষয়ে সার্বিক সহায়তা প্রদানের মাধ্যমে প্রাপ্য সুযোগ-সুবিধা নিশ্চিত করা যেতে পারে। | পররাষ্ট্র মন্ত্রণালয় | গৃহীত ব্যবস্থার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৬.১] বিভিন্ন দেশের রাষ্ট্র/সরকার প্রধানগণ, প্রতিনিধিবৃন্দ এবং জাতিসংঘের বিভিন্ন সংস্থা ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিবৃন্দের রোহিঙ্গা ক্যাম্প সফরের আয়োজন/ সমন্বয় সাধন | [৬.১.১] আয়োজিত/ সমন্বয় সাধনকৃত সফর | বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রত্যাবাসন ত্বরান্বিতকরণ ও রোহিঙ্গা সমস্যা সমাধানকল্পে বিভিন্ন দেশের রাষ্ট্র/সরকার প্রধানগণ, প্রতিনিধিবৃন্দ এবং জাতিসংঘের বিভিন্ন সংস্থা ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিবৃন্দের রোহিঙ্গা ক্যাম্প সফর আন্তর্জাতিক অঙ্গণে জনমত গঠনে গুরুত্বপূর্ণ প্রভাব রাখবে। | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত সফর সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৬.২] রোহিঙ্গা বিষয়ক জাতীয় টাস্কফোর্সের সভা আয়োজন | [৬.২.১] আয়োজিত সভা | রোহিঙ্গা বিষয়ক জাতীয় টাস্কফোর্সের সভা আয়োজনের মাধ্যমে বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রত্যাবাসন ত্বরান্বিত করা যেতে পারে। | পররাষ্ট্র মন্ত্রণালয় | আয়োজিত সভার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৬.৩] রোহিঙ্গা বিষয়ে দেশে ও বিদেশে আয়োজিত বিভিন্ন সভায় অংশগ্রহণ/অংশগ্রণে সহায়তা | [৬.৩.১] আয়োজিত সভা | রোহিঙ্গা বিষয়ে দেশে ও বিদেশে আয়োজিত বিভিন্ন সভায় অংশগ্রণের মাধ্যমে আন্তর্জাতিক জনমত গঠন করা যেতে পারে। | পররাষ্ট্র মন্ত্রণালয় | আয়োজিত সভার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৬.৪] রোহিঙ্গা সমস্যা সংক্রান্ত আন্তর্জাতিক ফোরামে বিভিন্ন আয়োজনে বিভিন্ন অনুবিভাগ ও বাংলাদেশ দূতাবাস সমূহের সহায়তায় হালনাগাদ অবস্থানপত্র ও সামগ্রিক তথ্যাবলী প্রেরণ | [৬.৪.১] প্রস্তুতকৃত প্রতিবেদন | বিশ্বাঙ্গনে রোহিঙ্গা বিষয়ক সংকটের সামগ্রিক তথ্য প্রদানের মাধ্যমে প্রকৃত তথ্য তুলে ধরা যেতে পারে। | পররাষ্ট্র মন্ত্রণালয় | প্রস্তুতকৃত প্রতিবেদন এর সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৭.১] সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা, সেমিনার ও কর্মশালায় অংশগ্রহণ | [৭.১.১] অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার ও কর্মশালা | বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক অবকাঠামোয় জলবায়ু পরিবর্তন, অভিবাসন এবং বৈশ্বিক ইস্যুতে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় বাংলাদেশের সক্রিয় ,নেতৃত্বশীল এবং সফল অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত আলোচনা, সেমিনার এবং কর্মশালায় বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা অংশগ্রহণ করে থাকেন। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার এবং কর্মশালার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৭.২] আউটকাম ডকুমেন্ট প্রস্তুতে সক্রিয় অংশগ্রহণ | [৭.২.১] প্রস্তুতকৃত আউটকাম ডকুমেন্ট/ইন্টারভেনশন | বিভিন্ন সভা/সেমিনারে অংশগ্রহণ করা পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধিদের কার্যকর অংশগ্রহণ সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশের অবস্থান তুলে ধরা এবং আউটকাম ডকুমেন্টে বাংলাদেশের অবস্থানের প্রতিফলন নিশ্চিত করার লক্ষ্যে কর্মকর্তারা কাজ করে থাকেন। | পররাষ্ট্র মন্ত্রণালয় | প্রস্তুতকৃত আউটকাম ডকুমেন্টের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৭.৩] টেকসই উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন আন্তর্জাতিক সভা/সেমিনারে সক্রিয় অংশগ্রহণ/প্রশিক্ষণ | [৭.৩.১] অংশগ্রহণকৃত সভা/সেমিনার/প্রশিক্ষণ | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০৩০ বাস্তবায়নে সহযোগী দেশসমূহের মধ্যে সুশাসন জোরদারকরণে বিভিন্ন দেশে অনুষ্ঠিত সংশ্লিষ্ট সভা/সেমিনার/কর্মশালায় পররাষ্ট্র মন্ত্রণালয় নিয়মিতভাবে অংশগ্রহণ করে থাকে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় | অংশগ্রহণকৃত সভা/সেমিনারের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৮.১] বিদেশে বাণিজ্যমেলা আয়োজনে সহযোগিতা করা | [৮.১.১] আয়োজিত বাণিজ্য মেলা | বাংলাদেশী পণ্যের বাজার সম্প্রসারণ এবং নতুন বাজার অনুসন্ধানের উদ্দেশ্যে বিভিন্ন দেশে বাণিজ্য মেলার আয়োজন করা হয় যা বাংলাদেশী পণ্যের বাজার সম্প্রসারণের পাশাপাশি বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানী উন্নয়ন ব্যুরো | আয়োজিত বাণিজ্য মেলার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৮.২] শ্রম বাজার সম্প্রসারণ সংক্রান্ত জটিলতা নিরসনে সংশ্লিষ্ট দেশের সরকারী ও বেসরকারি নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা সভা আয়োজন | [৮.২.১] আয়োজিত সভা | বাংলাদেশের সাথে সংশ্লিষ্ট দেশের বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিতে স্বাগতিক দেশের সরকারী কর্মকর্তা এবং শিল্প ও বনিক সমিতির নেতৃবৃন্দের সঙ্গে সভা আয়োজন করা হয় | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত সভার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৯.১] অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ | [৯.১.১] অংশগ্রহণকৃত অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত আলোচনা | পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের সহায়তায় বিভিন্ন দেশের সঙ্গে অর্থনৈতিক সহযোগিতা চুক্তি স্বাক্ষর করে থাকে। এ ক্ষেত্রে উক্ত চুক্তির বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা করে থাকে | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় | স্বাক্ষরিত চুক্তির সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | কার্যক্রম চালুকৃত মিশন [ক্রম পুঞ্জিভূত সংখ্যা] | এমআরপি কার্যক্রম চালু সংক্রান্ত যাবতীয় অবকাঠামোগত এবং কারিগরি সহায়তা প্রদান। বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে প্রেরিত তথ্য যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে মুদ্রিত করে প্রবাসী বাংলাদেশীদের এমআরপি প্রদান। | এমআরপি সংক্রান্ত তথ্যসমূহ মিশনে ডাটা এন্ট্রি দেয়ার পর পাসপোর্ট বিষয়ক অধিদপ্তর এর মূল সার্ভারে চলে আসে। পাসপোর্ট অধিদপ্তর থেকে এমআরপি মুদ্রিত হয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পৌছায়। পাসপোর্ট মুদ্রণের সময় পররাষ্ট্র মন্ত্রণালয়কে সম্পূর্ণভাবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপর নির্ভর করতে হয়। | |
| মন্ত্রণালয় | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | কার্যক্রম চালুকৃত মিশন [ক্রম পুঞ্জিভূত সংখ্যা] | এমআরপি কার্যক্রম চালু সংক্রান্ত যাবতীয় অবকাঠামোগত এবং কারিগরি সহায়তা প্রদান। বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে প্রেরিত তথ্য যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে মুদ্রিত করে প্রবাসী বাংলাদেশীদের এমআরপি প্রদান। | এমআরপি সংক্রান্ত তথ্যসমূহ মিশনে ডাটা এন্ট্রি দেয়ার পর পাসপোর্ট বিষয়ক অধিদপ্তর এর মূল সার্ভারে চলে আসে। পাসপোর্ট অধিদপ্তর থেকে এমআরপি মুদ্রিত হয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পৌছায়। পাসপোর্ট মুদ্রণের সময় পররাষ্ট্র মন্ত্রণালয়কে সম্পূর্ণভাবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপর নির্ভর করতে হয়। | |
| মন্ত্রণালয় | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | আবেদন অনুযায়ী প্রদত্ত মেশিনরিডেবলপাসপোর্ট এর হার | এমআরপি কার্যক্রম চালু সংক্রান্ত যাবতীয় অবকাঠামোগত এবং কারিগরি সহায়তা প্রদান। বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে প্রেরিত তথ্য যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে মুদ্রিত করে প্রবাসী বাংলাদেশীদের এমআরপি প্রদান। | এমআরপি সংক্রান্ত তথ্যসমূহ মিশনে ডাটা এন্ট্রি দেয়ার পর পাসপোর্ট বিষয়ক অধিদপ্তর এর মূল সার্ভারে চলে আসে। পাসপোর্ট অধিদপ্তর থেকে এমআরপি মুদ্রিত হয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পৌছায়। পাসপোর্ট মুদ্রণের সময় পররাষ্ট্র মন্ত্রণালয়কে সম্পূর্ণভাবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপর নির্ভর করতে হয় | |
| মন্ত্রণালয় | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | আয়োজিত সভা | বিদ্যমান শ্রমবাজার সুসংহতকরণের পাশাপাশি নতুন শ্রমবাজার অন্বেষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। | বিদেশে প্রবাসী বাংলাদেশীদের জন্য কর্মসংস্থান সৃষ্টির দায়িত্ব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের। | |
| মন্ত্রণালয় | বাণিজ্য মন্ত্রণালয় | আয়োজিত বাণিজ্য মেলা | বাণিজ্য মেলা আয়োজনের মাধ্যমে বাংলাদেশী পণ্য সামগ্রী প্রদর্শন এবং প্রচারণার নিমিত্ত প্রয়োজনীয় নমুনা পণ্য সামগ্রী এবং ক্যাটালগ মিশনসমূহে প্রেরণ। | বাণিজ্য মেলা আয়োজনের মাধ্যমে বাংলাদেশী পণ্য সামগ্রী এবং ক্যাটালগ মিশনসমূহে প্রেরণের জন্য রপ্তানী উন্নয়ন ব্যুরো এবং বাণিজ্য মন্ত্রণালয়ের উপর নির্ভরশীল। | |
| মন্ত্রণালয় | জনপ্রশাসন মন্ত্রণালয় | দেশে ও বিদেশে নতুন মিশন স্থাপন | নতুন মিশন স্থাপনের জন্য পদ সৃষ্টিতে, জনবল বৃদ্ধিসহ সামগ্রিকভাবে সাংগঠনিক কাঠামো ও সরঞ্জাম তালিকা প্রণয়নে যথাসময়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন প্রদান। | বিভিন্ন দেশের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের লক্ষ্যে নতুন মিশন স্থাপনের জন্য প্রয়োজন দক্ষ জনবল। নতুন মিশনে পদায়িত করার জন্য মন্ত্রণালয়ের জনবল বৃদ্ধি, মিশনে পদ সৃষ্টি, সর্বোপরি সাংগঠনিক কাঠামো ও সরঞ্জাম তালিকা প্রণয়নের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় অর্থ মন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপর নির্ভরশীল। | |